

# কেন্দ্রে কেন্দ্রে নেওয়া হচ্ছে ব্যালট বক্স, ভোট শুরু ৯টায়

অনলাইন ডেস্ক



ছবি: কালের কণ্ঠ

দীর্ঘ ৩৩ বছর পর বিপুল উৎসাহ-উদ্দীপনায় আজ বৃহস্পতিবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচনে ভোট হতে যাচ্ছে। সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। ভোট গ্রহণ শুরুর আগ মুহূর্তে বিপুল নিরাপত্তার মাধ্যমে কেন্দ্রে কেন্দ্রে নেওয়া হচ্ছে ব্যালট বক্স।

এদিন সকাল পৌনে ৯টার দিকে সরেজমিনে দেখা যায়, পুলিশি নিরাপত্তায় কেন্দ্রে কেন্দ্রে ব্যালট বক্স দেওয়া হচ্ছে।

কেন্দ্রে নেওয়ার পর গণমাধ্যম কর্মীদের সামনে সেটি খুলে দেখানো হয়।



এদিকে নির্বাচন তফসিল সূত্রে জানা গেছে, চূড়ান্ত তালিকা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ২১টি আবাসিক হলে মোট ভোটার ১১ হাজার ৯১৯ জন। এর মধ্যে ছাত্র ছয় হাজার ১০২, ছাত্রী পাঁচ হাজার ৮১৭। জাকসুর ওয়েবসাইটে প্রকাশিত চূড়ান্ত তালিকা অনুযায়ী, নির্বাচনে ২৫ পদের বিপরীতে লড়বেন ১৭৯ জন প্রার্থী।

তালিকা বিশ্লেষণে দেখা যায়, ভিপি পদে চূড়ান্ত প্রার্থী ১০ জন, জিএস পদে ৯ জন প্রতিদ্বন্দ্বী রয়েছেন। তবে একজন স্বতন্ত্র জিএস পদপ্রার্থী প্রার্থিতা প্রত্যাহার করায় এখন জিএস পদে লড়বেন মূলত আটজন। নারী যুগ্ম সাধারণ সম্পাদক পদে ছয়জন ও পুরুষ যুগ্ম সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বী ১০ জন। বিশ্ববিদ্যালয়ে ১১টি ছাত্র হল ও ১০টি ছাত্রী হল রয়েছে।

২১টি হলে ৩১৫টি পদে লড়বেন ৪৬৭ জন প্রার্থী। প্রতিটি হলে ১৫ পদে প্রতিদ্বন্দ্বিতা হবে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কার্যালয় থেকে দেওয়া  
সংবাদ বিবৃতিতে জানানো হয়, আজ সকাল ৯টা থেকে বিকেল  
৫টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ১১টি এবং ছাত্রীদের ১০ হলে  
একযোগে বিরতিহীনভাবে ভোট গ্রহণ চলবে। ভোট গ্রহণের জন্য  
২১টি ভোটকেন্দ্রে ২২৪টি বুথ স্থাপন করা হয়েছে। নির্বাচনে ৬৭  
জন পোলিং অফিসার (শিক্ষক) এবং ৬৭ জন সহায়ক পোলিং  
অফিসার (কর্মকর্তা) নিয়োগ করা হয়েছে।

ভোটে গ্রহণ শেষে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে ভোটে গণনা হবে।